উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
প্লট : ২৩-২৬, রোড : ৪৬, গুলশান-২, ঢাকা।
www.dncc.gov.bd

ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ২৫ তম কর্পোরেশন সভার (বাজেট সভা) কার্যবিবরণীঃ

সভাপতি	:	জনাব মোঃ ওসমান গণি, মাননীয় প্যানেল মেয়র, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
তারিখ	:	১৫ শ্রাবণ ১৪২৫ ৩০ জুলাই, ২০১৮
সময়	:	সকাল ১১.০০ টা
স্থান	:	নগর ভবন, সেন্টার পয়েন্ট (লেভেল-৮), প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা

সভায় উপস্থিত কাউন্সিলরদের তালিকা পরিশিষ্ট "ক"

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয় এজেন্ডা ভিত্তিক আলোচনা শুরু করেন।

২.০ সভাপতির অনুমতিক্রমে নিম্নবর্ণিত আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনা করা হয়ঃ

আলোচ্যসূচি-২.১	:	**বিগত ০৬ জুলাই ২০১৮ তারিখ অনুষ্ঠিত ২৪তম কর্পোরেশন সভার কার্যবিবরণী দৃঢ়করণ প্রসঙ্গে**
আলোচনা	:	গত ০৬ জুলাই ২০১৮ তারিখ অনুষ্ঠিত ২৪তম সভার কার্যবিবরণী দৃঢ়করণের লক্ষ্যে পরিবর্তন/পরিমার্জনসহ কোন সংশোধনী প্রস্তাব থাকলে তা উপস্থাপনের জন্য সভায় অনুরোধ জানানো হয়। কোন সংশোধনী প্রস্তাব না থাকায় ২৪তম কর্পোরেশন সভার কার্যবিবরণী দৃঢ়করণে উপস্থিত সকলে ঐক্যমত পোষণ করেন।
সিদ্ধান্ত	:	সর্বসম্মতিক্রমে ২৪তম কর্পোরেশন সভার কার্যবিবরণীর দৃঢ়করণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।
বাস্তবায়ন	:	সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

আলোচ্যসূচি-২.২	:	**২৪তম কর্পোরেশন সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি**
আলোচনা	:	সভায় ২৪তম কর্পোরেশন সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি উপস্থাপন করা হয়। ২৪তম কর্পোরেশন সভার সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের জন্য সকল বিভাগীয় প্রধান ও আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করা হয়।
সিদ্ধান্ত	:	২৪তম কর্পোরেশন সভার সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।
বাস্তবায়ন	:	১। বিভাগীয় প্রধান (সকল) ২। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল)

আলোচ্যসূচি-২.৩	:	**ডিএনসিসি'র ২০১৭-২০১৮ অর্থ বছরের সংশোধিত বাজেট এবং ২০১৮-২০১৯ অর্থ বছরের বাজেট অনুমোদন প্রসঙ্গে**
আলোচনা	:	ডিএনসিসির ১৭ নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর এবং 'অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটি'র সভাপতি জনাব মোঃ জিন্নাত আলী উপস্থিত সকলকে স্বাগত জানান এবং বাজেট সম্পর্কে বিস্তারিত তথ্য উপস্থাপনের জন্য প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তাকে অনুরোধ জানান। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা ডিএনসিসি'র ২০১৭-২০১৮ অর্থ বছরের সংশোধিত বাজেট ও ২০১৮-২০১৯ অর্থ বছরের বাজেট কর্পোরেশন সভায় উপস্থাপন করেন। যার সংক্ষিপ্তসার নিম্নরূপ-

ক্রম	খাত	বাজেট ২০১৭-২০১৮	সংশোধিত বাজেট ২০১৭-২০১৮	বাজেট ২০১৮-২০১৯
	প্রারম্ভিক স্থিতি	২১৬.০০	২৯৩.৬৬	২০৩.২৫
আয়ঃ				
১	রাজস্ব আয়	৯৭৭.৬৫	৬৪২.৬৪	৮৫৭.২০
২	অন্যান্য আয়	১১.৫০	২৯.১২	৭.০০
৩	সরকারি অনুদান (থোক)	১০০.০০	২২.০০	১৫০.০০
৪	সরকারি বিশেষ অনুদান	৫০.০০	৩১.০০	৫০.০০
	মোট	১১৩৯.১৫	৭২৪.৭৬	১০৬৪.২০

	৫	সরকারি/ বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প	১০২৯.৬৫	৬৫৯.৭৯	১৩০০.০০
		সর্বমোট আয়	**২৩৮৪.৮০**	**১৬৭৮.২১**	**২৫৬৭.৪৫**
ব্যয়					
	১	রাজস্ব ব্যয়	৪৩৪.৭০	৩৩৮.১২	৪৩৬.৪০
	২	অন্যান্য ব্যয়	৯.৫০	২.০০	১১.০০
	৩	উন্নয়ন ব্যয়			
	৩.১	উন্নয়ন ব্যয় (নিজস্ব উৎস, সরকারি থোক)	৭৯১.১০	৪৭৫.০৫	৬৬২.৮০
	৩.২	উন্নয়ন ব্যয় (সরকারি/ বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প)	১০২৯.৬৫	৬৫৯.৭৯	১৩০০.০০
		উপমোট-উন্নয়ন ব্যয়	১৮২০.৭৫	১১৩৪.৮৪	১৯৬২.৮০
		সমাপনী স্থিতি	১১৯.৮৫	২০৩.২৫	১৫৭.২৫
		সর্বমোট ব্যয়	২৩৮৪.৮০	১৬৭৮.২১	২৫৬৭.৪৫

সিদ্ধান্ত	:	সভায় সর্বসম্মতিক্রমে উত্থাপিত বাজেট অনুমোদন করা হয়।
বাস্তবায়ন	:	প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

আলোচ্যসূচি-২.৪	:	**ব্যক্তি মালিকানাধীন রাস্তার জমি কর্পোরেশন বরাবর হস্তান্তর সংক্রান্ত**
আলোচনা	:	প্রধান সম্পত্তি কর্মকর্তা, ৩০ নং ওয়ার্ডস্থিত কমফোর্ট হাউজিং হোঃ নং ৩ বি/ রোড নং-১৬ বি হতে রামচন্দ্রপুর খাল পর্যন্ত রাস্তাটি ডিএনসিসির অনুকূলে হস্তান্তর সম্পর্কিত বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করেন। তিনি জানান, আবেদনকারীর আবেদন এবং সংশ্লিষ্ট সকল কাগজপত্র আবেদনের সাথে জমা করা হয়েছে। বিস্তারিত আলোচনার পর ৩০ নং ওয়ার্ডস্থিত কমফোর্ট হাউজিং হোঃ নং ৩ বি/রোড নং-১৬ বি হতে রামচন্দ্রপুর খাল পর্যন্ত ব্যক্তি মালিকানাধীন রাস্তাটি ডিএনসিসি বরাবর হস্তান্তরের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার বিষয়ে উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দ ঐক্যমত পোষণ করেন।
সিদ্ধান্ত	:	৩০ নং ওয়ার্ডস্থিত কমফোর্ট হাউজিং হোঃ নং ৩ বি/ রোড নং-১৬ বি হতে রামচন্দ্রপুর খাল পর্যন্ত ব্যক্তি মালিকানাধীন রাস্তাটি ডিএনসিসি বরাবর হস্তান্তরের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।
বাস্তবায়ন	:	প্রধান সম্পত্তি কর্মকর্তা

আলোচ্যসূচি-২.৫	:	**রাস্তার নামকরণ প্রসঙ্গে**
আলোচনা	:	বিগত ১৮ ডিসেম্বর ২০১৪ তারিখে ডিএনসিসি'র সড়ক, ভবন ও স্থাপনা নামকরণ উপ-কমিটির ৫ম সভায় "সিটি কর্পোরেশন সড়ক, ভবন ও স্থাপনা নামকরণ নীতিমালা-২০১৪" এর আলোকে যাচাই বাছাই করে ২৩ নং ওয়ার্ড স্থিত খিলগাঁও চৌধুরী পাড়ার বি ব্লকের ৬ নং সড়কটি (হোল্ডিং নং-১৩২১ হতে হোল্ডিং ১২৮০ হয়ে ১২৬৬ নং হোল্ডিং পর্যন্ত) বীর মুক্তিযোদ্ধা, স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের শব্দ সৈনিক, একুশে পদকপ্রাপ্ত গণসঙ্গীত শিল্পী জনাব ফকির আলমগীর এর নাম অনুসারে "মুক্তিযোদ্ধা ও গণসঙ্গীত শিল্পী ফকির আলমগীর সড়ক" নামে নামকরণের সুপারিশ গৃহীত হয়। সভার সুপারিশ মোতাবেক নামকরণের বিষয়ে চূড়ান্ত অনুমোদনের জন্য ২৪/০২/২০১৫ তারিখের ৪৬.২০৭.০১৮.১৪.০০.১৬০.২০১২-২৮৬(৩)-২০১৫ সংখ্যক স্মারকে স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা হয়। বর্তমান প্রেক্ষাপটে বিষয়টি কর্পোরেশন সভায় আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণ করা প্রয়োজন বিধায় সভায় উপস্থাপন করা হয়। ২৩ নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব মোস্তাক আহমেদ, ২৩ নং ওয়ার্ড স্থিত খিলগাঁও চৌধুরী পাড়ার বি ব্লকের ৬ নং সড়কটি (হোল্ডিং নং-১৩২১ হতে হোল্ডিং ১২৮০ হয়ে ১২৬৬ নং হোল্ডিং পর্যন্ত) "মুক্তিযোদ্ধা, স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের শব্দ সৈনিক, একুশে পদকপ্রাপ্ত গণসঙ্গীত শিল্পী ফকির আলমগীর এর নাম অনুসারে "মুক্তিযোদ্ধা ও গণসঙ্গীত শিল্পী ফকির আলমগীর সড়ক" নামে নামকরণ করা যুক্তিযুক্ত মর্মে তার মত প্রকাশ করেন। ২৯ নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব মোঃ নুরুল ইসলাম রতনসহ অন্যান্য কাউন্সিলর বলেন, বাংলাদেশের অনেক বরেণ্য ব্যক্তিত্ব স্বাধীনতা যুদ্ধের সময় শহীদ হয়েছেন তাঁদের নামে কোন রাস্তার

		নামকরণ করা হয়নি। তা ছাড়া জনাব ফকির আলমগীর এখনো জীবিত। এভাবে জীবিত ব্যক্তির নামে রাস্তার নামকরণ করা হলে অজস্র নামকরণের আবেদন জমা পড়বে যা নিষ্পত্তি করা দু:সাধ্য হয়ে পড়বে। তিনি রাস্তার নামকরণের জন্য সম্মানিত কাউন্সিলরগণের সমন্বয়ে একটি কমিটি গঠনের প্রস্তাব করেন। এ বিষয়ে সভাপতি আলোচ্য রাস্তার নামকরণ সংক্রান্ত বিষয়টি এ সভায় স্থগিত রেখে পরবর্তী সভায় উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন।
সিদ্ধান্ত	:	রাস্তার নামকরণ সংক্রান্ত বিষয়টি পরবর্তী সভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়।
বাস্তবায়ন	:	সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

আলোচ্যসূচি-২.৬	:	**ল্যান্ডফিলে কর্মরত কর্মকর্তা/কর্মচারী ও শ্রমিক/ক্লিনারগণকে মেয়র মহোদয়ের ঐচ্ছিক তহবিল হতে প্রণোদনা প্রদান প্রসঙ্গে**
আলোচনা	:	সভাপতি, ল্যান্ডফিলে কর্মরত কর্মকর্তা/কর্মচারী ও শ্রমিক/ক্লিনারগণকে মেয়র মহোদয়ের ঐচ্ছিক তহবিল হতে প্রণোদনা প্রদান সংক্রান্ত বিষয়টি পরবর্তী সভায় উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন।
সিদ্ধান্ত	:	এ আলোচ্যসূচিটি পরবর্তী সভায় উপস্থাপনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।
বাস্তবায়ন	:	সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

আলোচ্যসূচি-২.৭	:	**মশক নিধন কর্মসূচি প্রণয়ন**
আলোচনা	:	প্রধান স্বাস্থ্য কর্মকর্তা সভায় একটি প্রতিবেদন উপস্থাপন করে বলেন, ডিএনসিসির অধিক্ষেত্রে প্রায় ৪৫% বাড়ীতে চিকুনগুনিয়া রোগের লার্ভা পাওয়া গেছে। মশক নিধণ কার্যক্রম জোরদার করা এবং চিকুনগুনিয়া রোগের প্রাদুর্ভাব হতে জনগণকে রক্ষার জন্য প্রয়োজনীয় কর্মসূচি প্রণয়নের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।
সিদ্ধান্ত	:	মশক নিধণ কার্যক্রম জোরদারসহ চিকুনগুনিয়া রোগের প্রাদুর্ভাব হতে জনগনকে রক্ষার জন্য প্রয়োজনীয় কর্মসূচি প্রণয়ন করতে হবে।
বাস্তবায়ন	:	প্রধান স্বাস্থ্য কর্মকর্তা

আলোচ্যসূচি-২.৮	:	**পশু কোরবানীর বর্জ্য অপসারণ সংক্রান্ত**
আলোচনা	:	সভায় জানানো হয়, বিগত বছর পশু কোরবানীর বর্জ্য অপসারণের ক্ষেত্রে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের কার্যক্রম ব্যাপক প্রশংসিত হয়েছিল। সকল সম্মানিত কাউন্সিলর, বর্জ্য ব্যবস্থাপনা বিভাগসহ সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণের নিরলস পরিশ্রম ও নিষ্ঠার কারণে গত বছরের পশু কোরবানীর বর্জ্য অপসারণ কার্যক্রম ২৪ ঘন্টার মধ্যে সম্পন্ন করা সম্ভব হয়েছিল। এ বছরও কোরবানীর বর্জ্য অপসারণ কার্যক্রমে সকল সম্মানিত কাউন্সিলরগণের সহযোগিতা কামনা করা হয়। সভায় জানানো হয়, অগ্রিম পরিকল্পনা, যথোপযুক্ত সমন্বয়, সম্মানিত কাউন্সিলরবৃন্দ ও সকলের সম্মিলিত প্রয়াস থাকলে এ বছর ২০ ঘন্টার মধ্যে কোরবানীর বর্জ্য অপসারণ করা সম্ভব। বিগত বছরের ন্যায় কোরবানীর বর্জ্য অপসারণের লক্ষে বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ক স্থায়ী কমিটির সাথে পরামর্শ সাপেক্ষে যথোপযুক্ত কর্মপরিকল্পনা গ্রহণের জন্য প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।
সিদ্ধান্ত	:	কোরবানীর বর্জ্য অপসারণের লক্ষে বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ক স্থায়ী কমিটির সাথে পরামর্শ সাপেক্ষে যথোপযুক্ত কর্মপরিকল্পনা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।
বাস্তবায়ন	:	প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা

৩.০ আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ ওসমান গণি)
প্যানেল মেয়র
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
ও
সভাপতি, কর্পোরেশন সভা।

নং-৪৬.১০.০০০০.০০৬.০৬.০০৪.১৫.- ৬৬৬৯১

তারিখঃ ২২ শ্রাবণ ১৪২৫
০৬ আগস্ট ২০১৮

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য –

১. মন্ত্রিপরিষদ সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সদয় অবগতির জন্য।

২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সদয় অবগতির জন্য।

৩. সম্মানিত কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড নং ..../সংরক্ষিত আসন নং ...., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

৪. বিভাগীয় প্রধান (সকল) ...., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

৫. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), অঞ্চল ...., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

৬. সিস্টেমস এনালিস্ট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। ডিএনসিসি'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

৭. প্যানেল মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সহকারী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

৮. প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর স্টাফ অফিসার, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

৯. সহকারী সচিব, সংস্থাপন শাখা-১/২, সাধারণ প্রশাসন শাখা ও প্রশিক্ষণ কোষ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

১০. অফিস কপি।

৬/৮/১৮

(রবীন্দ্রশ্রী বড়ুয়া)
সচিব
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।